

ডিবি পরিচয়ে রোকেয়া বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীকে তুলে নিয়ে যায়

জেলা বার্তা পরিবেশক, রংপুর

রংপুর ষ্ঠগম রোকেয়া
বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান
বিভাগের প্রথম বর্ষের ছাত্র আব্দুল্লা
আল মাহমুদকে সোমবার ভোরে
বিশ্ববিদ্যালয়ের কাছে একটি
প্রাইভেট ছাত্রবাস থেকে ডিবি পুলিশ
পরিচয়ে তুলে নিয়ে যাওয়ার
অভিযোগ ডিবি : পৃষ্ঠা : ২ ক : ৬

ডিবি : পরিচয়ে

(১৬ পৃষ্ঠার পর)

উঠেছে। এ ঘটনার পর তার আর
কোন সন্ধান মিলছে না। তার
ব্যবহৃত মোবাইল ফোনটিও বন্ধ
রয়েছে। এ ঘটনায় বিশ্ববিদ্যালয়ের
পক্ষ থেকে কোতোয়ালি থানায় ও
বিশ্ববিদ্যালয়ের পুলিশ ফাঁড়িকে
জানানো হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর
শাহিন ইসলাম জানান, সোমবার
ভোর ৪টার দিকে বিশ্ববিদ্যালয়ের
কাছেই সর্দার পাড়া এলাকায়
মোসলেইন নামে বেসরকারি
ছাত্রবাস থেকে রাষ্ট্রবিজ্ঞান
বিভাগের প্রথম বর্ষের ছাত্র আব্দুল্লা
আল মাহমুদকে ডিবি পুলিশ
পরিচয়ে তুলে নিয়ে যায় কয়েকজন
সাদা পোশাকধারী ব্যক্তি। এরপর
থেকে তার কোন সন্ধান মিলছে
না। বিষয়টি কোতোয়ালি থানার
ওসিকে তিনি নিজেই কয়েকবার
ফোন করে জানিয়ে প্রয়োজনীয়
পদক্ষেপ নিতে বলেছেন।

নিখোঁজ শিক্ষার্থী আল মাহমুদের
সহপাঠীরা জানান, তাকে ডিবি
পুলিশ পরিচয়ে তুলে নিয়ে যাওয়া
হয়েছে। সে মাত্র ৩ মাস আগে
রোকেয়া বিশ্ববিদ্যালয়ে রাষ্ট্রবিজ্ঞান
বিভাগে ভর্তি হয়ে সর্দার পাড়া
এলাকায় একটি প্রাইভেট ছাত্রবাসে
থাকত। তার বাবার নাম জহরত
আলী মোল্লা, বাড়ি রাজবাড়ি
জেলার পাংশা এলাকায়। এদিকে
তার সহপাঠীরা জানান, গতকাল
দিনভর নিখোঁজ শিক্ষার্থীর বড় ভাই
হাসান বেশ কয়েকবার তার সঙ্গে
যোগাযোগ করার চেষ্টা করে
পাননি। এদিকে রাষ্ট্রবিজ্ঞান
বিভাগের শিক্ষক তানজুল ইসলাম
সাংবাদিকদের জানান, তিনি
সকালেই আল মাহমুদকে ডিবি
পরিচয়ে তুলে নিয়ে যাওয়ার খবর
পেয়ে বিষয়টি প্রক্টরকে
জানিয়েছেন।

এ ব্যাপারে রোকেয়া
বিশ্ববিদ্যালয়ের পুলিশ ফাঁড়ির
ইনচার্জ এরশাদ হোসেন
জানিয়েছেন বিষয়টি খতিয়ে দেখা
হচ্ছে। তবে ডিবি পুলিশ পরিচয়ে
করা তাকে তুলে নিয়ে গেছে সে
ব্যাপারে পুলিশের কেউ জানে না
বলে জানিয়েছে পুলিশের একাধিক
কর্মকর্তা।